

# শিক্ষক নিয়োগে দুর্নীতিতে বিশ্ববিদ্যালয়গুলো পছন্দ হওয়ার পথে: শিক্ষা উপদেষ্টা

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৮:০৬, ২২ ডিসেম্বর ২০২৪; আপডেট: ১৮:১৫, ২২ ডিসেম্বর ২০২৪



ছবি: সংগৃহীত

দেশের বিশ্ববিদ্যালয়সহ সব স্তরে শিক্ষক নিয়োগে ভয়াবহ রকম দুর্নীতি হয়েছে বলে মন্তব্য করেছেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ। তিনি বলেন, শিক্ষক নিয়োগে দুর্নীতির কারণে বিশ্ববিদ্যালয়সহ উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানগুলো পছন্দ হওয়ার পথে। তবে এ অসুবিধা ও সমস্যার মাঝেও আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে এখনো অনেক শিক্ষক আছে যারা আন্তর্জাতিক মানের উচ্চপর্যায়ের গবেষক। বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে শুধু রাজনৈতিক আলাপ হয়, মেধাবী শিক্ষকরা আড়ালে পড়ে থাকেন। বিষয়গুলো আমাদের নজরে এসেছে রবিবার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে ‘উচ্চশিক্ষায় বৈশ্বিক মান: বাংলাদেশে করণীয়’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। একটি জাতীয় দৈনিক এই সেমিনারের আয়োজন করে।

[Travel packages](#)

দেশে শিক্ষিত বেকারের সংখ্যা আশঙ্কাজনক হারে বাড়ছে জানিয়ে ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, উচ্চশিক্ষার পরিবেশ ক্রমাগত নিচের দিকে নেমে যাচ্ছে। এর পেছনে রয়েছে শিক্ষকদের লেজুড়বৃত্তিক রাজনীতি, ছাত্ররাজনীতির নামে দুর্ভৃত্তায়ন। পাশাপাশি শিক্ষক নিয়োগে প্রচণ্ড অনিয়মও দায়ী। তিনি আরও বলেন, দীর্ঘমেয়াদে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে ভঙ্গু করে দেওয়া হয়েছে। শিক্ষকদের আলোচনায় গবেষণা নয়, শুধু রাজনীতি থাকে। এম পরিস্থিতি তৈরির কারণগুলোকে আমলে নিয়েই এগোতে হবে। শিক্ষা উপদেষ্টা বলেন বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে শুধু রাজনৈতিক আলাপ হয়, মেধাবী শিক্ষকরা আড়ালে পড়ে থাকেন। কেন তাদের আড়ালে থাকা বা কোনঠাসা হয়ে থাকা তা জানতে হবে।

ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, সম্প্রতি আন্দোলনের পর প্রায় সব সরকারি বিশ্ববিদ্যালয় অভিভাবকহীন হয়ে গিয়েছিল। উপাচার্য, কোষাধ্যক্ষ কাউকেই পাওয়া যাচ্ছিল না। এ থেকে বোঝা যায়, নিয়োগের ক্ষেত্রে এমন রাজনৈতিক দলীয়করণ হয়েছে যে, সরকার পরিবর্তনে ফলে সবাইকে চলে যেতে হয়েছে।

---

নুসরাত